

ভেদর কাগজ

binodonmela@gmail.com

শনিবার • ২৯ আশ্বিন ১৪৩০ • ১৪ অক্টোবর ২০২৩



নর্থ সাউথ ইউনিভার্সিটি

দেশের সর্ববৃহৎ ভাষাভিত্তিক প্রতিযোগিতা অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে দেশের বৃহত্তম ভাষাভিত্তিক প্রতিযোগিতা 'বেকম্যান'স তৃতীয় ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজ লিগের ঢাকা বিভাগের বাছাই রাউন্ড। গতকাল শুক্রবার অনুষ্ঠিত ইভেন্টটিতে অংশ নিয়েছে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৪ হাজারের বেশি শিক্ষার্থী। সকাল ৯টায় শুরু হয়ে প্রতিযোগিতাটি দিনব্যাপী অনুষ্ঠিত হয়।

'বেকম্যান'স তৃতীয় ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজ লিগের মৌলিক উদ্দেশ্য দেশব্যাপী শিক্ষার্থীদের মধ্যে ভাষার দক্ষতা বৃদ্ধি। প্রতিযোগিতাটিকে সাতটি বয়সভিত্তিক বিভাগে ভাগ করা হয়েছে।

এরই মধ্যে ঢাকা বিভাগ, চট্টগ্রাম বিভাগ হয়ে রংপুর, ময়মনসিংহসহ দেশের বিভিন্ন অঞ্চলের বাছাই সম্পন্ন করেছে।

এনএসইউর ডিপার্টমেন্ট অব ইংলিশ অ্যান্ড মডার্ন ল্যাঙ্গুয়েজের (ডিইএমএল) সম্মানিত শিক্ষকমণ্ডলী বিভিন্ন বিভাগে শিক্ষার্থীদের ভাষার দক্ষতার মূল্যায়ন করেন। বিচারকরা

হ্যান্ডরাইটিং, স্পেলিং বি, শর্ট স্টোরি রাইটিং, ওয়াল ম্যাগাজিন, উপস্থিত বক্তৃতা এবং বিতর্কের মূল্যায়ন করেন।

এনএসইউ ডিপার্টমেন্ট অব ইংলিশ অ্যান্ড মডার্ন ল্যাঙ্গুয়েজের শিক্ষার্থীদের অংশগ্রহণ অনুষ্ঠানটির আয়োজন ও সমন্বয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে 'বেকম্যান'স তৃতীয় ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজ লিগের চূড়ান্ত রাউন্ড অনুষ্ঠিত হবে ৩ নভেম্বর। এই রাউন্ডে, প্রতিটি বিভাগ থেকে সর্বোচ্চ নম্বর অর্জনকারীদের গোল্ড, সিলভার এবং ব্রোঞ্জপদক প্রদান করা হবে। ল্যাংগুয়েজ লিগের পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি নর্থ সাউথ ইউনিভার্সিটি মিলনায়তনে অনুষ্ঠিত হবে ৪ নভেম্বর।

'বেকম্যান'স তৃতীয় ইন্টারন্যাশনাল ল্যাংগুয়েজ লীগ শিক্ষার্থীদের মধ্যে ভাষার দক্ষতা বাড়ানোর লক্ষ্যে উল্লেখযোগ্য অগ্রগতি অব্যাহত রেখেছে। ঢাকার বিভাগীয় বাছাই রাউন্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণই এই প্রতিযোগিতার ইতিবাচক প্রভাবের প্রমাণ। বিজ্ঞপ্তি